



উপসচিব

মোংলা বন্দর কর্তৃপক্ষ

মোংলা, বাগেরহাট-৯৩৫১

ইমেইল : prompa6@gmail.com

ওয়েব সাইট : www.mpa.gov.bd

ফেইজবুক পেজঃ

মোংলা বন্দর সংবাদ “Mongla Port News”

প্রেস রিলিজ

বাংলাদেশ সরকার কর্তৃক নির্দেশিত প্রতিবছর ১লা জানুয়ারীতে কমলমতি ছাত্র-ছাত্রীদের মাঝে নতুন পাঠ্যপুস্তক বিতরণের অংশ হিসাবে সারাদেশের ন্যায় ১লা জানুয়ারী, ২০২০ সকাল ৯.০০ ঘটিকায় পোর্ট মাধ্যমিক বিদ্যালয়, খুলনায় ৪৫৬জন এবং মোংলা বন্দর মাধ্যমিক বিদ্যালয়, মোংলায় ৫০০ জন (শিশু থেকে নবম শ্রেণি) পর্যন্ত শিক্ষার্থীদের মাঝে উৎসব মুখর পরিবেশে বিনামূল্যে পাঠ্যপুস্তক বিতরণ করা হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন মোংলা বন্দর কর্তৃপক্ষের মাননীয় চেয়ারম্যান রিয়ার এডমিরাল এম মোজাম্মেল হক,বিএন। এছাড়া উক্ত পাঠ্যপুস্তক বিতরণ অনুষ্ঠানে জনাব মোঃ গিয়াস উদ্দিন (উপসচিব),পরিচালক (প্রশাসন), লেঃ কমান্ডার এম আব্দুল আলীম ,বিএন, প্রধান নিরাপত্তা কর্মকর্তা, সিবিএ’র সভাপতি ও সাধারণ সম্পাদকসহ উভয় স্কুলের শিক্ষক-শিক্ষিকা,অভিভাবকগণ, ছাত্র-ছাত্রীবৃন্দ উপস্থিত ছিলেন।

বন্দর চেয়ারম্যান ছাত্র-ছাত্রীদের উদ্দেশ্যে বলেন, “মাননীয় প্রধানমন্ত্রীর এই মহৎ উদ্যোগকে আরো অধিকতর সাফল্যমন্ডিত ও গতিশীল করার জন্য যার যার ক্লাসের পাঠ্যপুস্তকের পাশাপাশি জ্ঞানার্জনের অন্যান্য সহায়ক বই লাইব্রেরী,ইন্টারনেট ও সহপাঠির মাধ্যমে সংগ্রহ করে তা নিয়মিত অধ্যয়ন করতে হবে।”

উপসচিব

